বাংলা (BENGALI)

(203)

মূল্যায়ন পত্র-১-(I) Assignment-I

(1 থেকে 9)

পূর্ণ সংখ্যা : ২৫

টীকা - (ক) প্রতিটি প্রশ্নের উত্তর অনিবার্য। প্রত্যেক শ্রশ্নের মান সমান।

(খ) প্রশ্নোত্তরের খাতায়, প্রথম পৃষ্ঠার উপর দিকে নিজের নাম, ক্রমিক সংখ্যা এবং অধ্যয়ণ কেন্দ্রের নাম, বিষয় ইত্যাদি স্পষ্ট অক্ষরে লেখ।

1. নিম্নলিখিত প্রশ্নগুলোর মধ্যে যে কোন দুটির উত্তর ষাট থেকে আশি শব্দের মধ্যে লেখ—

(ক) 'লালু' গল্পের লেখক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্প এবং উপন্যাসের নাম লেখ।

'ছট' কী? বলিপ্রথা কি ঠিক? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

(খ) 'শুধু ভাঙা নয়' কবিতাটির মূল কথা কি? এ কবিতার লেখক কে?— 'মদমও' – শব্দের অর্থ কি? কবি 'সুস্থতার পরিচয়' বলতে কি বুঝিয়েছেন?

(গ) ভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য কি? ভাষা ব্যবহারের কটি রীতি ও কি কি? বর্ণ কাকে বলে? বাংলা শব্দ ভাণ্ডারে যত শব্দ আছে সেগুলিকে কটি শ্রেণীতে ভাগ করে দেখানো হয়েছে?

2.

(ক) সত্যেন্দ্রনাথের 'মাদাম কুরি' প্রবন্ধটি পড়ে কি কি জানা যায়? দ্বীতিয় বিশ্বযুদ্ধের সময়কাল কত? দ্বিতীয় বিশ্বযুদ্ধে কোন দুটি শহর ধ্বংস হয়? মাদাম কুরির কন্যার নাম কি? 'স্বৈরাচার' শব্দের অর্থ কি?

(খ) 'ধ্বংস' গল্পের প্রধান চরিত্রদের নাম উল্লেখ কর। পিয়ের শোপ্যাঁ কি প্রকৃতির লোক ছিলেন? পিয়ের শোপ্যাঁ কোন শহরে বাস করতেন। 'তকমা' কী?

(গ) 'পদ' কি? ক্রিয়া কাকে বলে? ক্রিয়া ও ক্রিয়াবিশেষনের মধ্যে পার্থক্য কি? নিচের শব্দগুলি থেকে প্রত্যয় নির্ণয় কর (ফুলদানি, ঢাকাই, জলীয়)। সন্ধি ও সমাসের শ্রেণীবিভাগ এবং সংজ্ঞা লেখ।

যে কোন একটি প্রশ্নের উত্তর লেখ 3 এবং 4 নং প্রশ্ন থেকে।

3.

(ক) 'কাণ্ডারী হুশিয়ার' কবিতাটির রচনাকাল ও রচয়িতার উল্লেখ কর। কবিতাটির সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট বর্ণনা কর। 'কাণ্ডারী হুশিয়ার' এর রচনা বৈশিষ্ট্য উল্লেখ কর।

অথবা

(খ) ‘জলসত্র’ কোন গ্রন্থের অন্তর্গত এবং এর প্রকাশকাল কত? এই গল্পটি পড়ে কী কী দিক জানা যায়? ‘কাতার দড়ি’ কি? এ জলসত্র কত দিনের দেওয়া?– কে জিজ্ঞেস করেছেন?

4. কমবেশি আশি শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখ:-

(i) (ক) সমাজের প্রতি ছাত্রদের দায়িত্ব ও কর্তব্য।

(খ) স্কুলে আগত প্রায় সাংস্কৃতিক অনুষ্ঠানের খসড়া প্রস্তুত কর। প্রয়োজনে খসড়া প্রস্তুতে বন্ধুদের সাহায্য নিতে পার।

অথবা

(ii) (ক) অপরাধ প্রবণতা দূরীকরণের আবেদন জানিয়ে নগর প্রধানের কাছে পত্র লেখ।

(খ) বাড়িতে বোনের বিয়ে। বন্ধুদের আমন্ত্রণ জানাও।

(গ) পরীক্ষা শেষে তোমার ভবিষ্যৎ পরিকল্পনা কী? লেখ।

5. পরিযোজনা কার্য—

বর্তমান দিনে মানুষের ভিন্ন ভিন্ন নেশাপ্রবণতা বৃদ্ধি পাচ্ছে।সারা পৃথিবীতে এর বিরুদ্ধে প্রতিবাদী আন্দোলন গড়ে তোলা হচ্ছে। প্রতিটি জনগণের তাতে ভূমিকা রয়েছে, রয়েছে তোমার ও। এই পরিযোজনায় একটি প্রবন্ধ তৈরী কর।

বাংলা (BENGALI)
(203)
মূল্যায়ন পত্র-১-(II) Assignment-II
(পাঠ - 10 থেকে 18)

<u>পূর্ণ সংখ্যা : ২৫</u>

টিকা - (ক) প্রতিটি প্রশ্নের উত্তর অনিবার্য। প্রত্যেক প্রশ্নের মান সমান।

(খ) প্রশ্নোত্তরের খাতায়, প্রথম পৃষ্ঠার উপর দিকে নিজের নাম, ক্রমিক সংখ্যা এবং অধ্যয়ণ কেন্দ্রের নাম, বিষয়ে ইত্যাদি স্পষ্ট অক্ষরে লেখ।

1. নিম্নলিখিত প্রশ্নগুলোর মধ্যে যে কোন দুটির উত্তর ষাট থেকে আশি শব্দের মধ্যে লেখ—

(ক) 'বঙ্গভূমির প্রতি' কবিতায় যে স্বদেশ বোধের পরিচয় রয়েছে তার স্বরূপ বর্ণনা কর। 'কোক নদ' শব্দের অর্থ কি? কবিতাটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?

(খ) 'অবাক জলপান' নাটকের উৎস লেখ। 'ঘুমড়ি' শব্দের অর্থ কি? এই নাটকটি পাঠের পর তোমার কি মনে হয় সবসময় নিজেকে নিয়ে ব্যস্ত থাকা উচিত — উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। দ্বিতীয় বৃদ্ধ পথিককে কত রকমের জলের হিসাব দিলেন।

(গ) প্রবন্ধ রচনা কর : (I) দেশের প্রতি তোমার কর্তব্য

অথবা

(II) তোমার প্রিয় বই

2. (ক) 'ফর্ম বা প্রপত্র পূরণ'– পাঠটিতে আলোচিত ফর্ম পূরণের রীতি পদ্ধতি গুলি উদাহরণ সহ আলোচনা কর।

(খ) কারক, বিভক্তি ও অনুসর্গের সংজ্ঞা দাও। শব্দক্রম বলতে কি বোঝ? নিচের বাক্যগুলির নির্দেশানুসারে পরিবর্তন কর।

1. কখন সে আসবে জানো। (জটিল বাক্যে)
2. টাকা ফেরৎ দাও নতুবা ছাড়ব না। (যৌগিক বাক্যে)
3. যদি বারণ কর তবে আর আসব না। (সরল বাক্যে)
4. সাঁতার না জানলেই ভয়। (শ্রশ্নসূচক বাক্যে)
5. যুদ্ধে জিততে পারলাম না। (প্রস্তর্থ্যক বাক্যে)
6. তবে টান। (ভাব বাক্যে)

(গ) "এখনো রাত শেষ হয়নি;/অন্ধকার এখনো তোমার বুকের ওপর/কঠিন পাথরের মতো , তুমি নিঃশ্বাস/ নিতে পারছো না"–

পংক্তিটি কার কোন কবিতা থেকে নেওয়া। উৎস লেখ। 'রাত শেষ হয়নি' বলতে কবি কি বুঝিয়েছেন? নিঃশ্বাস

কার। কেন নিতে পারছে না? ‘সে প্রতীক্ষা করছে?’– বাক্যাংশটির মধ্যে দিয়ে কবির কি মনোভাব প্রকাশ পেয়েছে – নিজের ভাষায় ব্যক্ত কর।

3. (ক) পূর্তি মুণ্ডা ও চোট্ট মুণ্ডার পারস্পরিক সম্পর্ক কি? আদিবাসীর কোন দেবতার পূজক? কোন সময় কোথায় আদিবাসীরা একত্রিত হয়? ঝগড়া হয় না দেখে দারোগা প্রতিবার বিস্মিত হন কেন বুঝিয়ে বলো।

অথবা

(খ) ‘ছোওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র’– নাট্যংশটি কার কোন নাটক থেকে নেওয়া হয়েছে? শোণপাংশুরা কারা? নাট্যাংশটিতে সমাজের কোন সমস্যার দিকে আঙলি সংকেত করেছেন বুঝিয়ে বলো।

4. (ক) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও।

মহাত্মাজি এমন একজন খৃষ্টসাধকের সঙ্গে মিলতে পেরেছিলেন, যাঁরা নিয়ত প্রচেষ্ঠা ছিল মানবের ন্যায্য অধিকারকে বাধ্যমুক্ত করা। সৌভাগ্যক্রমে সেই ইউরোপীয় ঋষি টলস্টয়ের কাছে থেকে মহাত্মা গান্ধী খৃষ্টানধর্মের অহিংস্রনীতির বাণী যথার্থভাবে লাভ করেছিলেন। আরো সৌভাগ্যের বিষয় এই যে, এ বাণী এমন একজন লোকের যিনি সংসারের বহু বিচিত্র অভিজ্ঞতার ফলে এই অহিংস্রনীতির তত্ত্ব আপন চরিত্রে উদ্ভাবিত করেছিলেন। সিশনারি অথবা ব্যবসায়ী প্রচারকের কাছে মানবপ্রেসের বাঁধা বুলি তাকে শুনতে হয় নি। খৃষ্টবাণীর একটি বড়ো দান আমাদের পাবার অপেক্ষা ছিল। মধ্যযুগে মুসলমানদের কাছ থেকেও আমরা একটি দল পেয়েছি। দাদু, কবীর, রজ্জব প্রভৃতি সাধুরা প্রচার করে গিয়েছেন যে যা নির্সল, যা মুক্ত, যা আত্মার শ্রেষ্ঠ সামগ্রী, তা রূদ্ধদ্বার মন্দিরে কৃত্রিম অধিকারী বিশেষের জন্যে পাহারা দেওয়া নয়। তা নির্বিচারে সর্বমান বেরই সশদ। যুগে যুগে এই রূপই ঘটে। যাঁরা মহাপুরুষ তাঁরা সমাজ্য পৃথিবীর দানকে আপন মাহাত্ম্য দ্বারাই গ্রহণ করেন, এবং গ্রহন করার দ্বারা সত্য করে তোলান। আপন মাহাত্ম্য দ্বারাই পৃথুরাজা পৃথিবীকে দোহন করিদিলেন রত্ন আহরণ করবার জন্য। যাঁরা শ্রেষ্ঠ মহাপুরুষ তাঁরা সকল ধর্ম ইতিহাস ও নীতি থেকে পৃথিবীর শ্রেষ্ঠ দান গ্রহণ করেন।

1. অনুচ্ছেদটির শিরোনাম কি হতে পারে বলে তুমি মনে করো।
2. মহাত্মাজি যে সাধকের সঙ্গে মিলিত হয়েছিল তাঁর জীবনের লক্ষ্য কি ছিল?
3. ‘মানব প্রেমের বাঁধা বুলি’—বলতে কি বোঝ? কাকে এই বুলি শুনতে হয় নি?
4. দাদু, কবীর রা কোন সময়ের লোক? তাঁদের মহৎদান কি?
5. শ্রেষ্ঠ মহাপুরুষ কাদের আমারা বলব?

5. পরিযোজনা কার্য :-

ক্রিকেটকে নিয়ে অধিক মাতামাতির ফলে অন্যান্য ভারতীয় খেলাগুলো দিন দিন অবনতির দিকে যাচ্ছে। এই অবস্থায় পিছিয়ে পড়া ভারতীয় খেলা গুলিকে কিভাবে সাফল্যের দিকে নিয়ে যাওয়া যায় বলে তুমি মনে করো। নিজের মত ব্যক্ত করে বিষয়টি অবলম্বনে একটি পরিযোজনা কার্য সম্পূর্ণ করো।

বাংলা (BENGALI)

(203)

মূল্যায়ন পত্র-১ (III) Assignment No : lll

(পাঠ - 19 থেকে 28)

পূর্ণসংখ্যা - 25

পুর্ণ সংখ্যা : ২৫

টীকা - (ক) প্রতিটি প্রশ্নের উত্তর অনিবার্য। প্রত্যেক শ্রশ্নের মান সমান।

(খ) প্রশ্নোত্তরের খাতায়, প্রথম পৃষ্ঠার উপর দিকে নিজের নাম, ক্রমিক সংখ্যা এবং অধ্যয়ণ কেন্দ্রের নাম, বিষয় ইত্যাদি স্পষ্ট অক্ষরে লেখ।

1. নিম্নলিখিত প্রশ্নগুলোর মধ্যে যে কোন দুটির উত্তর ষাট থেকে আশি শব্দের মধ্যে লেখ—

(ক) ''রক্তমাখা অস্ত্রহাতে যত রক্ত-আখি

শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি।''– কোন কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে! 'রক্তমাখা অস্ত্র', 'রক্ত-আখি' বলতে কি বোঝ? 'শিশুপাঠ্য কাহিনীতে' কারা কেন মুখ ঢেকে থাকে।

(খ) 'রেকর্ড'– গল্পটি লেখকের কোন গল্প সংকলনের অন্তর্ভুক্ত। গল্পটির রচনাকাল লেখ। গল্পটি কোন পুরুষে লেখা। খাসিয়া কারা। রেকর্ড - এর সুরকে কোনোভাবে মুছে ফেলা যাবে কি – উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও।

(গ) 'মিলনের কথা' গল্পে উল্লেখিত মুখপত্রটির নাম লিখ। মুখুপত্রটি কোন আশ্রমের? 'আমাদের এই অভিশপ্ত' দেশের মানুষ দীর্ঘদিন ধরে দুঃস্বপ্নে কাটাচ্ছে কেন?

2 (ক) ১. নিচের প্রবাদগুলোর অর্থসহ বাক্যরচনা কর।
অরন্যে রোদন, বকধার্মীক, গৌরিচন্দ্রিকা, বিড়াল তপসী, অধীক সন্ন্যাসীতে গাজন নষ্ট।

(ক) ২. এক কথায় প্রকাশ কর।
যা চিন্তা করা যায় না।
যে নারীর স্বামী বিদেশে থাকে।
আমি, তুমি সে
ইন্দ্রকে জয় করেছেন যিনি।
বাঘের ডাক।

(খ) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধে প্রবন্ধকার 'ভারতীয় সংস্কৃতির ধারা' বলতে কি বুঝিয়েছেন? কুশান ও হুণ কারা? আর্য সংস্কৃতির ধারায় কোন দুটি বেণীরচনা অসমাপ্ত সয়ে গেল? এগুলোকে সমাপ্ত করার জন্য আমাদের কি করা উচিত বলে তুমি মনে করো।

(গ) 'দাঁড়াও' – কবিতাটি কোন কাব্যগ্রন্থের অর্ন্তভুক্ত। কাব্যটির প্রকাশকাল কত। 'তোমাকে' বলতে কবি কাকে বুঝিয়েছেন? 'তুমি তাহার পাশে এসে দাঁড়াও' – অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

3. (ক) বিষয় সংক্ষেপ বলতে কি বোঝ? এর উদ্দেশ্য কি? নিচের অংশটির বিষয় সংক্ষেপ করো–

বেয়নেট হ'ক যত ধারালো
কাস্তেটা ধার দিও বন্ধু,
শেল্ আর বম্ হ'ক ভারালো
কাস্তেটা শান দিও বন্ধু!

বাকানো চাঁদের সাদা ফালিটি
তুমি বুঝি খুব ভালবাসাতে?
চাঁদের শতক আজ নহে তো,
এ - যুগের চাঁদ হল কাস্তে!

অথবা

(খ) 'ছাড়পত্র' - এর কবি কি বিশেষণে বিশেষিত হয়েছেন? কবিতাটির উৎস লেখ। নবজাতকের কাছে কবি কি অঙ্গীকার করেছেন? 'ক'রে যাব আশীর্বাদ' - কে, কাদের আশীর্বাদ করে যাবেন।

4. ভাব সম্প্রসারণ কর–

(ক) 'তেলা মাথায় তেল দেওয়া মানুষ জাতির রোগ'।

অথবা

(খ) 'পিয়ানোর সান' – কবিতাটির উৎস লেখ। পিয়ানো কি? পিয়ানোকে কবি কার কার সঙ্গে তুলনা করা হয়েছে? 'পাখনায় নাই ফাঁস' – বলতে কি বোঝ? 'প্রেম' ও 'নিত্য' শব্দের বিপরীত শব্দ লেখ।

5. পরিযোজনা কার্য :

(ক) পণপ্রথা সমাজের এক কলঙ্কিত অধ্যায়। পণদেওয়া ও নেওয়া দু'ই অপরাধ। প্রতিদিন খবরের কাগজ খুললেই বধূনির্যাতনের মতো নারকীয় ঘটনা আমাদের সামনে ভেসে ওঠে। এমতাবস্থায়, এই ব্যাধি থেকে সমাজকে মুক্ত করার জন্য কি কি পদক্ষেপ নেওয়া উচিত বলে তুমি মনে করো।

(খ) এই সমস্যা নিরসনের জন্য ও সমাজকে জাগৃত করার জন্য তুমি একটি অনু নাটক (৪-৫ টি সংলাপ) তৈরি করো।